# খুলনা শিপইয়ার্ড লিমিটেড
## বাংলাদেশ নৌবাহিনী, খুলনা

### পরিবহন কাজের বিজ্ঞপ্তি

দরপত্রের নথি নং: বাবি (এফ)-১৩/পরিবহণ/২০২৩-২০২৪/ তারিখ: ০৭ ডিসেম্বর ২০২৩

| | | |
|---|---|---|
| ০১ | প্রতিষ্ঠানের নাম | **খুলনা শিপইয়ার্ড লিমিটেড, বাংলাদেশ নৌবাহিনী, খুলনা।** |
| ০২ | ঠিকাদারের ধরণ | বিদেশ হতে আমদানীকৃত বিভিন্ন মালামাল চট্টগ্রাম সমুদ্র বন্দর হতে ট্রাক, কভারভ্যান এবং ট্রলি এর মাধ্যমে খুলনা শিপইয়ার্ডের প্রধান ভান্ডার পর্যন্ত ০৬ (ছয়) মাসের জন্য পরিবহণের ঠিকাদার নিয়োগ। |
| ০৩ | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ | ১৭ ডিসেম্বর ২০২৩ সকাল ১০:০০ ঘটিকা পর্যন্ত |
| ০৪ | দরপত্র খোলার তারিখ ও সময় | ১৭ ডিসেম্বর ২০২৩ সকাল ১১:৩০ ঘটিকা |
| ০৫ | দরপত্র বিক্রয়ের স্থান | হিসাব শাখা, খুলনা শিপইয়ার্ড লিমিটেড, বাংলাদেশ নৌবাহিনী, খুলনা। |
| ০৬ | দরপত্রের মূল্য | টাকা ৫০০/- (পাঁচশত) মাত্র (অফেরতযোগ্য) |
| ০৭ | আর্নেস্ট মানি/বিড বন্ড এর পরিমাণ (টাকায়) | টাকা ২৫,০০০.০০ (পঁচিশ হাজার) মাত্র (ফেরতযোগ্য) খুলনা শিপইয়ার্ড লি: এর অনুকূলে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট দরপত্রের সহিত জমা দিতে হবে। |
| ০৮ | যোগাযোগের মাধ্যমে | ফোন: 02-4411 0990, মোবা: 01914092721; 01934348507<br>Email: oiccomf.ksy@gmail.com |
| ০৯ | বিশেষ নির্দেশাবলী | খুলনা শিপইয়ার্ড কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন/সকল দরপত্র গ্রহণ/ বাতিল করিবার অধিকার সংরক্ষণ করেন। |

**ম্যানেজার এ্যাডমিন**

SK. SHAH MOSHIUR RAHMAN
Manager (Admin)
OIC (Admin)
Khulna Shipyard Limited
Bangladesh Navy, Khulna

# খুলনা শিপইয়ার্ড লিমিটেড

বাংলাদেশ নৌবাহিনী, খুলনা

ফোন নং ঃ ০২-৪৪১১-০৯৯০, ফ্যাক্স ঃ ৮৮০-৪১-৭২০৪০৪

Email: contact@khulnashipyard.com, oiccomf.ksy@gmail.com


বাবি (এফ)-১৩/পরিবহণ/২০২৩-২০২৪/ ০৭ ডিসেম্বর ২০২৩

## আমদানীকৃত মালামাল চট্টগ্রাম সমুদ্র বন্দর হতে খুলনা শিপইয়ার্ড লি: খুলনা পর্যন্ত পরিবহন কাজের দরপত্র

**দরপত্র খোলার তারিখ ও সময়ঃ ১৭ ডিসেম্বর ২০২৩ বেলা ১১৩০ ঘটিকা।**
**টেন্ডার সিডিউল এর মূল্য প্রতি সেট (অফেরতযোগ্য) টাকা ৫০০.০০ (টাকা পাঁচশত) মাত্র।**

মেসার্স.......................................

.......................................

.......................................

১। খুলনা শিপইয়ার্ড লিমিটেড (খুশিলি) বাংলাদেশ নৌবাহিনী, খুলনা কর্তৃক বিদেশ হতে আমদানীকৃত বিভিন্ন মালামাল চট্টগ্রাম সমুদ্র বন্দর হতে পরিবহণের জন্য অভিজ্ঞতাসম্পন্ন, বিশ্বস্ত এবং নির্ভরযোগ্য ঠিকাদারগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত মোতাবেক **কার্যাদেশ প্রদানের তারিখ হতে আগামী ৩০ জুন ২০২৪ পর্যন্ত** সড়ক পথে পরিবহন করা হবে।

২। পরিবহণকৃত মালের বিবরণঃ এ্যালুমিনিয়াম ও এম এস প্লেট, এ্যাঙ্গেল, বার, ইঞ্জিন, জেনারেটর, পাইপ, পাম্প, মেশিনারীজ, স্পেয়ার পার্টস ইত্যাদি এবং বিভিন্ন প্যাকেজ মালামাল (যখন যে পরিমাণ আমদানী করা হবে)।

৩। পরিবহণ ঠিকাদার কর্তৃক প্রদত্ত দরঃ-

**প্রতি ট্রাক/কভারভ্যান পরিবহণ ভাড়া: টাকা ... .. .. .. .. .. ..**

ক) প্রতি গাড়িতে ১৩ টন মালামাল পরিবহণ করতে হবে।
খ) প্রতি গাড়ির বডি লম্বায় নুন্যতম ২০ ফুট হতে হবে।
গ) প্রয়োজনে ডালা খুলে মালামাল পরিবহণ করা হতে পারে।

**প্রতি ট্রেইলার পরিবহণ ভাড়া: টাকা .. .. .. .. .. .. ..**

ক) প্রতি গাড়িতে ২৫ টন মালামাল পরিবহণ করতে হবে।
খ) প্রতি গাড়ির বডি লম্বায় নুন্যতম ৪০ ফুট হতে হবে।
গ) ট্রলি এর বেড কাঠ/স্টীল এর হতে হবে।

এছাড়াও প্রতি ট্রাক/কভারভ্যান ও ট্রেইলারের ক্ষেত্রে ড্রাইভার দক্ষ ও অভিজ্ঞ হতে হবে। উল্লেখ্য যে, মালামাল একাধিক স্থানে লোড ও আনলোড হতে পারে। আনলোডের সময় প্রয়োজনে খুশিলির ক্রেন ও লেবার দেওয়া হবে।

৪। মালামাল পরিবহণকৃত জাহাজ চট্টগ্রাম সমুদ্র বন্দরে আগমন সাপেক্ষে অথবা তৎপরবর্তী যে কোন সময়ে পরিবহণ করতে হবে। ট্রাক অথবা কভারভ্যান প্রয়োজনীয়তা অনুযায়ী খুশিলি নির্ধারণ করবে।

৫। খুশিলির সিএন্ডএফ এজেন্ট/নৌভান্ডার চট্টগ্রাম এর চাহিদা মোতাবেক/খুলনা শিপইয়ার্ড লিঃ এর নির্দেশ পাওয়ার পর পরই পরিবহণ ঠিকাদার নিজ দায়িত্বে প্রয়োজনীয় সংখ্যাক ট্রাক/ট্রলি চট্টগ্রাম বন্দরের অভ্যন্তরে প্রবেশ করার ব্যবস্থা করবে। ইহার জন্য বন্দর কর্তৃপক্ষ বা অন্য কোন সংস্থার চাঁদা বা খরচ শিপইয়ার্ড বহন করবে না। পরিবহণকালীন সময়ে পথিমধ্যে যাবতীয় খরচ ঠিকাদার/পরিবহণকারী সংস্থাকে বহণ করতে হবে। লোড এবং আনলোড পয়েন্টে বিলম্ব হওয়ার জন্য কোনরুপ ডেমারেজ দেওয়া হবেনা।

৬। টেন্ডারের সহিত আর্নেস্ট মানি/ বিডবন্ড হিসেবে টাকা ২৫,০০০.০০ (টাকা পঁচিশ হাজার) মাত্র এর পে-অর্ডার (ফেরতযোগ্য) খুলনা শিপইয়ার্ড লি: এর অনুকূলে জমা দিতে হবে। ঠিকাদার কর্তৃক প্রদত্ত দরে কার্যাদেশ গ্রহণে অপারগতা প্রকাশ করলে দাখিলকৃত আর্নেস্ট মানি/ বিডবন্ড বাজেয়াপ্ত হতে হবে। উল্লেখ্য, খুলনা শিপইয়ার্ডের তালিকাভূক্ত ঠিকাদার/সরবরাহকারীদের আর্নেস্ট মানি প্রদান করার প্রয়োজন নাই।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

৭। কৃতকার্য দরদাতাকে কার্যাদেশ পাওয়ার পূর্বে চট্টগ্রাম বন্দরের ট্রাক ও কভারভ্যান এর জন্য টাকা ৫০,০০০.০০ এবং ট্রেইলার এর জন্য টাকা ৫০,০০০.০০ পে-অর্ডারের মাধ্যমে শিপইয়ার্ডের অনুকূলে জামানত হিসেবে জমা দিতে হবে। কৃতকার্য ঠিকাদার পরিবহন কাজে ব্যর্থ হলে অথবা খুলনা শিপইয়ার্ডের কোন আর্থিক ক্ষতি হলে পিজি বাজেয়াপ্ত অথবা কস্ট অব ডিফারেন্স অথবা অন্যান্য জরিমানা আরোপ করা হতে পারে।

৮। পরিবহণকালীন সময়ে দ্রব্যের কোন ক্ষয়ক্ষতি হলে তাহার সম্পূর্ণ দায়দায়িত্ব পরিবহণ ঠিকাদারকেই বহণ করতে হবে এবং ক্ষতিপূরণ করতে ঠিকাদার বাধ্য থাকবে। পরিবহণকারী ট্রাক/কভারভ্যান/ট্রেইলারের অবশ্যই বীমা কভারেজ থাকতে হবে।

৯। দরদাতাগণের অবশ্যই চট্টগ্রাম/খুলনা শহরে ট্রান্সপোর্ট অফিস এবং সার্বক্ষণিক যোগাযোগের মোবাইল নম্বর থাকতে হবে। কৃতকার্য দরদাতাকে পরিবহণ কার্য ত্বরান্বিত করার জন্য শিপইয়ার্ডের নির্দেশ মোতাবেক অবিলম্বে কার্য আরম্ভ করতে হবে। বিলম্ব করলে বন্দর ও শিপিংলাইন ডেমারেজসহ অন্যান্য ক্ষতি ঠিকাদার/পরিবহণকারী সংস্থা কর্তৃক খুলনা শিপইয়ার্ডকে পরিশোধ করতে বাধ্য থাকবে।

১০। দরপত্র সীল মোহরকৃত খামে ডাকে অথবা ইমেইলে কিংবা শিপইয়ার্ড গেটে রক্ষিত টেন্ডার বাক্সে জমা দেওয়া যেতে পারে। তবে ইমেইলে প্রেরিত দরপত্রের ক্ষেত্রে টাকা ২৫,০০০.০০ (টাকা পঁচিশ হাজার) মাত্র এর পে-অর্ডার কপি সংযুক্ত করতে হবে এবং অরিজিনাল কপি ৪৮ঘন্টার মধ্যে অত্র দপ্তরে জমা দিতে হবে। বিলম্বে প্রাপ্ত দরপত্র গ্রহণ করা হবেনা। দরপত্র অবশ্যই পরিষ্কারভাবে কালি দ্বারা লিখিত অথবা মুদ্রাক্ষরে লিখিত হতে হবে। পেন্সিল দ্বারা লিখিত অথবা পুন:লিখন বাতিল বলে গণ্য হতে পারে।

১১। সম্পূর্ণ মালামাল পরিবহণের পর সরবরাহকৃত মালামালের ০১ (এক) কপি চালানসহ ০৩ (তিন) কপি বিল দাখিল করতে হবে। পরবর্তীতে খুশিলির প্রধান ভান্ডার কর্তৃক সুপারিশের আলোকে হিসাববিভাগ কর্তৃক মূল্য পরিশোধ করা হবে।

১২। সরকারী নিয়ম অনুযায়ী বিল হতে ভ্যাট ও আয়কর কতন করা হবে।

১৩। দরপত্র দাতাদের নিম্নলিখিত ডকুমেন্টস দরপত্রের সাথে দাখিল করতে হবেঃ

| | | | |
|---|---|---|---|
| ক। | হালনাগাদ ট্রেড লাইসেন্স | গ। | আয়কর পরিশোধ সনদ |
| খ। | ব্যাংকের স্বচ্ছলতা সনদ | ঘ। | ভ্যাট নিবন্ধন সনদ |

KHULNA SHIPYARD LIMITED BANGLADESH NAVY * KHULNA *

১৪। দরপত্র আবদ্ধ সীলমোহরকৃত খামের উপর নিম্নলিখিত ভাবে আগামী ১৭ ডিসেম্বর ২০২৩ বেলা ১১.১৫ ঘটিকার মধ্যে জমা দিতে হবে এবং একই দিন বেলা ১১.৩০ ঘটিকায় দরপত্র খোলা হবেঃ

**<u>টেন্ডার নংঃ বাবি (এফ)-১৩/পরিবহণ/২০২৩-২০২৪ তারিখ ০৭ ডিসেম্বর ২০২৩।</u>**

**ম্যানেজিং ডাইরেক্টর**
**খুলনা শিপইয়ার্ড লিমিটেড**
**বাংলাদেশ নৌবাহিনী, খুলনা**

১৫। উল্লেখিত পরিবহণ কাজের জন্য এক বা একাধিক ঠিকাদার নিয়োগ, শর্তাবলী সংশোধন, সংযোজন কিংবা কোন কারণ দর্শানো ছাড়াই টেন্ডারটি বাতিল অথবা পুনঃ টেন্ডার করার ক্ষমতা খুশিলি সংরক্ষণ করে।

আপনাদের বিশ্বস্ত

শেখ শাহ্ মশিউর রহমান
ম্যানেজার এ্যাডমিন
পক্ষে ম্যানেজিং ডাইরেক্টর